

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৫০: শাফা'আত কত প্রকার?

শাফা'আত দুই প্রকারঃ

১. কিয়ামত দিবসের শাফা আতঃ যা আল্লাহ ছাড়া অন্য কারো কাছে চাওয়া যাবে না। মহান আল্লাহ বলেন,

"বলুন, সমস্ত সুপারিশ আল্লাহরই ক্ষমতাধীন" (যুমার ৪৪)। এই প্রকার শাফা'আতের দু'টি শর্ত রয়েছেঃ ক. আল্লাহ্র পক্ষ থেকে শাফা'আতকারীর জন্য শাফা'আত করার অনুমতি থাকতে হবে। যেমন মহান আল্লাহ বলেন,

"কে আছ এমন, যে তাঁর কাছে তাঁর অনুমতি ছাড়া সুপারিশ করবে?" (বাকারাহ ২৫৫)।

খ. যার জন্য শাফা আত করা হবে, তার উপর আল্লাহ্র সন্তুষ্টি থাকতে হবে। মহান আল্লাহ বলেন,

"তারা শুধুমাত্র তাদের জন্য সুপারিশ করে, যাদের প্রতি আল্লাহ সম্ভষ্ট" (আম্বিয়া ২৮)। সুতরাং কিয়ামত দিবসে কেউ যদি তার নিজের জন্য শাফা'আত কামনা করে, তাহলে সে যেন একমাত্র আল্লাহ্র কাছে তা প্রার্থনা করে; অন্য কারো কাছে নয়। কেননা রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«إِذَا سَأَلْتَ فَاسْأَلِ اللَّهَ»

"তুমি যখন চাইবে, তখন আল্লাহ্র কাছেই চাও" (তিরমিযী)। সেজন্য নিম্নোক্ত পদ্ধতিতে প্রার্থনা করা যাবে: হে আল্লাহ! আমাকে তাদের অন্তর্ভুক্ত কর, যাদের জন্য কিয়ামত দিবসে শাফা'আত করা হবে অথবা হে আল্লাহ! কিয়ামত দিবসে আপনি আমার ভাগ্যে মুহাম্মাদ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর শাফা'আত নছীব করুন। তবে নিম্নোক্তভাবে প্রার্থনা করা হারাম: হে রাসূল! আপনি আমার জন্য কিয়ামতের দিন শাফা'আত করুন।

২. দুনিয়ার জীবনে মানুষের পরস্পরের মধ্যে শাফা'আতঃ এই প্রকার শাফা'আত ভাল কাজের জন্য হলে মোস্তাহাব আর মন্দ কাজের জন্য হলে হারাম। মহান আল্লাহ বলেন,

﴿ مَّن يَشْاَفَعا اللَّهُ عَكُن لَّهُ الْ نَصِيبِ الْمِنْ اللَّهُ اللَّهُ اللَّهُ كَفَالَ مِناهَا اللَّهَ اللّ [النساء: ٨٥]

"যে ব্যক্তি সৎকাজের জন্য কোন সুপারিশ করবে, তা থেকে সেও একটি অংশ পাবে। আর যে ব্যক্তি মন্দ কাজের জন্য সুপারিশ করবে, সে তার বোঝারও একটি অংশ পাবে" (নিসা ৮৫)।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=1535

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন